সংবাদ

তারিখ 22 JUN 2017
পৃষ্ঠা ৪ কলাম ৩

# ৪ জন বিশিষ্ট গবেষককে ইউজিসি প্রফেসর ও ৭০ জন শিক্ষককে পিএইচডি ফেলোশিপ প্রদান

নিজস্ব বার্তা পরিবেশক

দেশের খ্যাতিমান চারজন গবেষককে ইউজিসি প্রফেসর হিসেবে মনোনয়ন দিয়েছে। প্রফেসরগণ হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ড. এম. মুহিবুর রহমান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের জামাল নজরুল ইসলাম, গণিত ও ভৌত বিজ্ঞান গবেষণা কেন্দ্রের প্রফেসর ড. আবুল মনসুর চৌধুরী, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের হেপাটোলজি বিভাগের প্রফেসর সেলিমুর রহমান ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. এম আলফাজ উদ্দিন।

ইউজিসি (বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন) চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নানের সভাপতিত্বে গতকাল অনুষ্ঠিত এক সভায় মনোনয়নপ্রাপ্ত ইউজিসি প্রফেসরশিপ নীতিমালা অনুযায়ী অবসরপ্রাপ্ত খ্যাতিমান গবেষকদের ইউজিসি প্রফেসরশিপ প্রদান করা হয়।

ইউজিসির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়ে আরও বলা হয়েছে, একজন সিলেকশন গ্রেডপ্রাপ্ত প্রফেসর সর্বোচ্চ যে সুযোগ সুবিধাপ্রাপ্ত হন ইউজিসি প্রফেসরগণও একই সুযোগ সুবিধা পাবেন। ইউজিসি প্রফেসরগণ তাদের পছন্দানুযায়ী যে কোন বিশ্ববিদ্যালয় অথবা গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে সংযুক্ত থেকে গবেষণা কর্মকাণ্ড পরিচালনা করবেন।

এছাড়া সভায় দেশের পাবলিক বিশ্ববিদ্যালয় ও সরকারি কলেজের ৭২ জন আবেদনকারীর মধ্যে ৭০ জন শিক্ষককে ইউজিসি পিএইচডি ফেলো হিসেবে মনোনয়ন প্রদান করা হয়। গত বছর পিএইচডি ফিলোশিপের জন্য ৬৫ জন আবেদন করেন যেখানে ৫০ জনকে ফেলোশিপের জন্য নির্বাচন করা হয়। এ বছর ফেলোশিপের পরিমাণ মাসিক দশ হাজার টাকা থেকে বৃদ্ধি করে ১৫ হাজার টাকা নির্ধারণ করা হয়।

ইউজিসি ভবনে অনুষ্ঠিত সভায় অন্যানের মধ্যে সংস্থার সদস্য প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা, প্রফেসর ড. দিল আফরোজা বেগম, প্রফেসর ড. এম শাহ্ নওয়াজ আলি ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. ফারজানা ইসলাম উপস্থিত ছিলেন।